# মে/২০২৩ মাসের অনুষ্ঠিত গোমস্তাপুর উপজেলা উন্নয়ন ও সমন্বয় কমিটির সভার কার্যবিবরণী ঃ

| | |
|---|---|
| সভাপতি | ঃ মোঃ হুমায়ূন রেজা<br>চেয়ারম্যান<br>উপজেলা পরিষদ<br>গোমস্তাপুর, চাঁপাইনবাবগঞ্জ। |
| সভার তারিখ ও সময় | ঃ ২৯.০৫.২০২৩ সকাল ১১.৫০ ঘটিকায় |
| সভার স্থান | ঃ উপজেলা পরিষদ সভাকক্ষ |

<u>সভায় উপস্থিত /অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা (স্বাক্ষরেরক্রমানুসারে) পরিশিষ্ট- "ক"</u>

সভাপতি সকল সদস্যকে স্বাগত জানিয়ে উপজেলা নির্বাহী অফিসারকে সভা পরিচালনার অনুরোধ জানান। অতঃপর আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যক্রম পরিচালিত হয়।

বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়। কার্যবিবরণীতে কোন সংশোধন, সংযোজন, বিয়োজন না থাকায় তা দৃঢ়ীকরণ করা হয়। আলোচ্যসূচি অনুযায়ী বিভিন্ন বিষয়ে নিম্নোক্তভাবে সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

## বিভাগীয় আলোচনাঃ ০১ ( বিভাগীয় আলোচনা) ঃ

| বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, স্বাস্থ্য কমপ্লেক্সের সার্বিক সেবা কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। গত এপ্রিল/২০২৩ মাসে বর্হি বিভাগে-১২৪৩৫ জন রোগীকে সেবা প্রদান করা হয়েছে। এদের মধ্যে আউটডোরে রোগী ৮৮৪৭ জন, জরুরী বিভাগে-২৭৮৩ জন এবং অন্ত বিভাগে ৮০৫জন চিকিৎসা সেবা নিয়েছেন। প্রতিদিন গড়ে প্রায় ৫০০ জন রোগী সেবা নিচ্ছেন। বর্তমানে কোভিড ১৯ ভ্যাকসিন এর সংকট থাকায় ভ্যাকসিন এর কার্যক্রম সাময়িকভাবে বন্ধ রয়েছে। পূনরায় ভ্যাকসিন কার্যক্রম শুরু হলে উপজেলাবাসীকে অবহিত করা হবে। | তার দাপ্তরিক কাজকর্ম সুষ্ঠুভাবে চালানোর জন্য অনুরোধ করা হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার |
| উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার সভায় জানান যে, অত্র কার্যালয়ের এপ্রিল/২০২৩ মাসের কার্যক্রম নিম্নরূপঃ ইমপ্ল্যান্ট সংখ্যা=২ পিস, আই,ইউ,ডি সংখ্যা=১১ পিস, ইনজেকশন বিতরণ=৪৩৫ ডোজ, খাবার বড়ি (সুখি) বিতরণ=১৪২২২ চক্র, কনডম বিতরণ=২২৫১২ পিস, ইসিপি বিতরণ=১৬ ডোজ পরিবার পরিকল্পনা পদ্ধতির সেবা প্রদান করা হয়েছে। | ইউনিয়ন পর্যায়ে পরিবার পরিকল্পনা কার্যক্রম অব্যাহত রাখাসহ ইউনিয়ন কমিটির সভা নিয়মিত করার জন্য সংশ্লিষ্ট কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার |
| কৃষি বিভাগ ঃ | উপজেলা কৃষি অফিসার সভায় জানান যে, তার দাপ্তরিক কাজকর্ম স্বাভাবিকভাবে চলছে। তেমন কোন সমস্যা নেই। | ------ | উপজেলা কৃষি অফিসার |
| উপজেলা প্রকৌশলী বিভাগ ঃ | উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, তার দাপ্তরিক কাজকর্ম স্বাভাবিকভাবে চলছে। তেমন কোন সমস্যা নেই। | ----- | উপজেলা প্রকৌশলী |
| উপজেলা প্রাণি-সম্পদ বিভাগঃ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, এপ্রিল/২০২৩ মাসে গবাদী প্রাণির টিকা প্রদান-৮৫০০ মাত্রা, গবাদী পশুর চিকিৎসা প্রদান-২৮৭৫, হাঁস মুরগী চিকিৎসা প্রদান-১৯৬৮১ টি, কৃত্রিম প্রজনন-৭৩০ টি, খামার পরিদর্শন-১১টি, উঠান বৈঠক-০৩ টি, ঘাস চাষ সম্প্রসারণ ২.৮৩ একর, বিভিন্ন রোগের নমুনা পরীক্ষা ০৮টি, পরামর্শ প্রদান-১৫৬০ জন, প্রশিক্ষণ প্রদান- ১১৭৫ জন এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সভায় প্রাণিসম্পদ দপ্তরের ঘটনার তীব্র নিন্দা জ্ঞাপন করা হয়। ঘটনার তদন্ত সাপেক্ষে তার বিষয়ে বিভাগীয় মামলা ও অন্যত্র বদলীর জন্য উর্ধ্বতন কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণী সম্পদ অফিসার |
| মহিলা বিষয়ক বিভাগ ঃ | উপজেলা মহিলা বিষয়ক অফিসার জানান যে, ভিডব্লিউবি কর্মসূচির ২০২৩-২৪ চক্রের এপ্রিল/২০২৩ মাসের খাদ্যশস্যের ডেলিভারী আদেশ জারী করা হয়েছে । সকল ইউপি চেয়ারম্যানগণকে উক্ত আদেশের কপি দেওয়া হয়েছে। মা ও শিশু সহায়তা কর্মসূচির পৌরসভা ও ইউনিয়ন পর্যায়ের জুলাই/২০২২ হতে মার্চ/২০২৩ পর্যন্ত তালিকা যাচাই-বাছাই সম্পন্ন হয়েছে এবং সেগুলো অনুমোদনের জন্য সভা আহব্বান করা হয়েছে। অত্র অফিসের WTC ট্রেডে এপ্রিল/২৩ হতে জুন/২৩ সেশনে ১০ জন দুঃস্থ মহিলা নির্বাচন সম্পন্ন হয়েছে এবং ০১ এপ্রিল/২৩ হতে যথারীতি ক্লাশ শুরু | তার দাপ্তরিক কাজকর্ম সুষ্ঠুভাবে চালানোর জন্য অনুরোধ করা হয়। | উপজেলা মহিলা বিষয়ক অফিসার |

| | | | |
|---|---|---|---|
| | হয়েছে। অত্র অফিসের আওতাধীন আইজিএ প্রকল্পের বর্তমানে কোন কার্যক্রম নেই। কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পের কার্যক্রমসহ অত্র অফিসের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | | |
| বিএমডিএ দপ্তর | সহকারী প্রকৌশলী বিএমডিএ (সদস্য সচিব, উপজেলা সেচ কমিটি) সভায় জানান যে, তার দাপ্তরিক কাজকর্ম স্বাভাবিকভাবে চলছে। তেমন কোন সমস্যা নেই। | তার দাপ্তরিক কাজকর্ম সুষ্ঠুভাবে চালানোর জন্য অনুরোধ করা হয়। | সহকারী প্রকৌশলী বিএমডিএ অফিসার |
| উপজেলা শিক্ষা অফিস ঃ | উপজেলা শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, তার দাপ্তরিক কাজকর্ম স্বাভাবিকভাবে চলছে। তেমন কোন সমস্যা নেই। | তার দাপ্তরিক কাজকর্ম সুষ্ঠুভাবে চালানোর জন্য অনুরোধ করা হয়। | উপজেলা শিক্ষা অফিসার |
| উপজেলা সমবায় বিভাগঃ | উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান যে, সমিতির সংখ্যা (সাধারণ) ২৪৪টি, এর মধ্যে মৎস্যজীবি ১০৫টি, সিআইজি=৬৪টি, অন্যান্য ৭৫টি। বিআরডিবি কেন্দ্রীয়=০২টি, বিআরডিবি সাধারণ-১২৪(ইউসিসিএলিঃ)+১১৫(বিত্তহীন)-২৩৯টি। অডিট সম্পাদন-২০২১-২২ইং সনের বরাদ্দকৃত ২১৮টি অডিট এর মধ্যে ২১৮টি অডিট সম্পাদন করা হয়েছে। অডিট ফি- ২০২১-২০২২ ইং সনের ধার্যকৃত অডিট ফি আদায় করতঃ সরকারী কোষাগারে জমা প্রদান প্রক্রিয়াধীন রয়েছে। এ পর্যন্ত ধার্য সাধারণ ৩১০০০/-টাকা, জমা ২৩১০০/-টাকা এবং ধার্য বিআরডিবি ১২,৯৯০/-টাকা, জমা নাই। সমবায় উন্নয়ন তহবিল-২০২১-২০২২ ইং সনের ধার্যকৃত সমবায় উন্নয়ন তহবিল আদায় করতঃ জমা প্রদান প্রক্রিয়াধীন রয়েছে। ধার্য সাধারণ ৭৩৩৫/-টাকা, জমা ৬৮৯৩/-টাকা এবং বিআরডিবি ধার্য ৩৮৯৭/-টাকা জমা নাই। আশ্রয়ন প্রকল্প (ফেইজ-২)-আলোচ্য মাসে সঞ্চয় আদায় ১০০০/-টাকা। ঋণ আদায় ৬,০০০/-টাকা। ঋণ আদায় কার্যক্রম অব্যাহত রয়েছে এবং আশ্রয়ন প্রকল্প নিয়মিত তদারকি করা হয়। সমবায় সমিতি পরিদর্শন-অত্র মাসে ০৫টি সমবায় সমিতি পরিদর্শন করা হয়েছে। আশ্রয়ন সমিতি নিবন্ধন হয়েছে ০৩টি। আলোচ্য মাসে ০২টি নিবন্ধন করা হয়েছে। ১) চর উদয়নগর, চৌডালা। ২) মাগুরশহর, পার্বতীপুর। | তার দাপ্তরিক কাজকর্ম সুষ্ঠুভাবে চালানোর জন্য অনুরোধ করা হয়। | উপজেলা সমবায় অফিসার |
| পরিসংখ্যান অফিস ঃ | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা সভায় জানান যে, টেকসই উন্নয়ন অভীষ্ট পরিবীক্ষণে প্রায়োগিক সাক্ষরতা নিরূপন জরিপ প্রকল্প ১ মার্চ থেকে ২০ মার্চ চলমান। স্মার্ট বাংলাদেশ গঠনে জনশুমারি ও গৃহগননা ২০২১ প্রকল্পের ট্যাবলেটসমূহ মাননীয় প্রধানমন্ত্রীর উপহার হিসেবে মাধ্যমিক ও সমমানের বিদ্যালয়ের ৯ম ও ১০ম শ্রেণীর মেধাবী শিক্ষার্থীদের মাঝে ট্যাবলেট বিতরণ কার্যক্রম চলমান। জনশুমারি ও গৃহগননা ২০২১ প্রকল্পের উপজেলা ভিত্তিক তথ্য পুন: যাচাই বাছায়করণ কাজ চলমান। উপজেলা ও পৌরসভার আয়তন পুন: যাচাই বাছায়করণ কাজ চলমান। এছাড়াও দাপ্তরিক কার্যাবলি স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | তার দাপ্তরিক কাজকর্ম সুষ্ঠুভাবে চালানোর জন্য অনুরোধ করা হয়। | উপজেলা পরিসংখ্যান অফিসার |
| সমাজসেবা বিভাগ ঃ | উপজেলা সমাজসেবা অফিসার সভায় জানান যে, পল্লী সমাজসেবা (আর এস এস) পল্লী মাতৃকেন্দ্র (আর এস সি) ও দগ্ধ ও প্রতিবন্ধী ব্যক্তিদের পুনর্বাসন খাতে প্রাপ্ত বরাদ্দ হতে ২১০ জন উপকারভোগীর মাঝে সুদ মুক্ত ক্ষুদ্রঋণ হিসাবে ৬৭,০০,০০০/-টাকা বিতরণ করা হয়। প্রতিবন্ধী ব্যক্তির পরিচয়পত্র বিতরণ চলমান। ০১ জন গরীব ও অসহায় প্রতিবন্ধী ব্যক্তিদের মাঝে হুইল চেয়ার বিতরণ করা হয়। বাংলাদেশ সমাজকল্যাণ পরিশোধ হতে ৩,০০০/-টাকা গরীব, অসহায়, দুস্থ ব্যক্তিদের মাঝে সাহায্য প্রদান করা হয়। | তার দাপ্তরিক কাজকর্ম সুষ্ঠুভাবে চালানোর জন্য অনুরোধ করা হয়। | উ ঃ সমাজসেবা অফিসার |
| উপজেলা আনসার ও ভিডিপি বিভাগ | উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা সভায় জানান যে, তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। তেমন কোন সমস্যা নেই। | তার দাপ্তরিক কাজকর্ম সুষ্ঠুভাবে চালানোর জন্য অনুরোধ করা হয়। | উপজেলা আনসার ও ভিডিপি অফিসার |
| উ:মাধ্যমিক শিক্ষা অফিস | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। তেমন কোন সমস্যা নেই। | তার দাপ্তরিক কাজকর্ম সুষ্ঠুভাবে চালানোর জন্য অনুরোধ করা হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার |
| উপজেলা মৎস্য অফিস | উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। তেমন কোন সমস্যা নেই। | তার দাপ্তরিক কাজকর্ম সুষ্ঠুভাবে চালানোর জন্য অনুরোধ করা হয়। | উপজেলা মৎস্য অফিসার |
| উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। তেমন কোন সমস্যা নেই। | তার দাপ্তরিক কাজকর্ম সুষ্ঠুভাবে চালানোর জন্য অনুরোধ করা হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা ও চেয়ারম্যান সকল ইউ,পি |

<table>
<tr><td>খাদ্য বিভাগ ঃ</td><td>উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান যে, তার দাপ্তরিক কাজকর্ম স্বাভাবিকভাবে চলছে। তেমন কোন সমস্যা নেই।</td><td>----</td><td>উপজেলা খাদ্য নিয়ন্ত্রক অফিসার</td></tr>
<tr><td>জনস্বাস্থ্য বিভাগ ঃ</td><td>সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল সভায় জানান যে, সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় ২০২৩-২৪ অর্থ বছরের বরাদ্দ পাওয়া গেছে শীঘ্রই ইউনিয়ন ওয়াটসান কমিটি এবং উপজেলা ওয়াটসান কমিটির মিটিং আহ্বান করা হবে। এছাড়াও ২০২২-২৩ অর্থবছরে অত্র প্রকল্পের আওতায় প্রতিটি ইউনিয়নে ২৬টি বরাদ্দকৃত ওয়াটার সোর্সের কাজ চলমান রয়েছে। মানব সম্পদ উন্নয়নে গ্রামীন পানি সরবরাহ ও স্যানিটেশন স্বাস্থ্যবিধি প্রকল্পের আওতায় অত্র উপজেলায় ২০টি ওয়াটার সোর্সেও (৪০ বাড়ী পাইপ লাইনের মাধ্যমে হাউজ কানেকশান সংবলিত) বরাদ্দ ছিল যার কাজ চলমান রয়েছে। তাছাড়াও দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।</td><td>তার দাপ্তরিক কাজকর্ম সুষ্ঠুভাবে চালানোর জন্য অনুরোধ করা হয়।</td><td>সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য প্রকৌশল</td></tr>
<tr><td>উপজেলা যুব উন্নয়ন অফিস</td><td>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, তার দাপ্তরিক কাজকর্ম স্বাভাবিকভাবে চলছে। তেমন কোন সমস্যা নেই।</td><td>---</td><td>উপজেলা যুব উন্নয়ন অফিসার</td></tr>
<tr><td>বন অফিস</td><td>উপজেলা বন কর্মকর্তা সভায় জানান যে, রাধানগর ইউনিয়ন পরিষদের অন্তর্গত তেঘরিয়া খাড়ির উভয় পাড়ে ৫.০০কিঃমিঃ বনায়ন করা হবে। এছাড়া অন্যান্য দাপ্তরিক কাজকর্ম স্বাভাবিকভাবে চলছে। তেমন কোন সমস্যা নেই।</td><td>---</td><td>উপজেলা বন কর্মকর্তা</td></tr>
<tr><td>উপজেলা পল্লী উন্নয়ন অফিস</td><td>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, বিআরডিবি অন্যতম বৃহৎ ক্ষুদ্র ঋণ প্রদানকারী সরকারী প্রতিষ্ঠান। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের লালিত স্বপ্ন সোনার বাংলা গড়ার প্রত্যয় নিয়ে এ প্রতিষ্ঠানটি গ্রামীন পিছিয়ে পড়া জনগোষ্ঠীর আর্থ সামাজিক উন্নয়নে ঋণ কার্যক্রম সহ ট্রেড ভিত্তিক প্রশিক্ষণ প্রদান করে থাকে। অত্র দপ্তরের অধীনে রেজিষ্ট্রেশন ভূক্ত সমিতির সংখ্যা ১২৪টি। এছাড়া বীরমুক্তিযোদ্ধা ও তাঁর পোষ্যদের জন্য প্রশিক্ষণ এবং আত্মকর্মসংস্থান কর্মসূচী, কৃষক সমবায় সমিতি লিঃ, সদাবিক, পল্লী প্রগতি কর্মসূচি, আদর্শ গ্রাম-২, এসএমই ঋণ প্রদান এবং আলোচ্য মাসে ০০ জন কে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। ২০২২/২৩ অর্থ বছরের ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা ২ কোটি ৭০ লক্ষ টাকা এর বিপরীতে অত্র দপ্তর থেকে ২০২২/২৩ অর্থ বছরে ১৭৯.৬৭ হাজার ঋণ সহায়তা করা হয়েছে। মার্চ/২০২৩ মাসের হিসাব :
<table>
<tr><td>ঋণ সহায়তা</td><td>২৭.৫৩ লক্ষ টাকা</td></tr>
<tr><td>সদস্য ভর্তি</td><td>১৪ জন</td></tr>
<tr><td>উদ্যোক্তদের ঋণ সহায়তা</td><td>--</td></tr>
<tr><td>অডিট</td><td>৯৩ টি</td></tr>
<tr><td>সঞ্চয়</td><td>৫৪ হাজার</td></tr>
<tr><td>শেয়ার</td><td>১.১১ লক্ষ টাকা</td></tr>
<tr><td>বীরমুক্তিযোদ্ধাদের ঋণ সহায়তা</td><td>--</td></tr>
</table></td><td>২০২২/২৩ অর্থ বছরের ঋণ বিতরণ ও আদায়ের ক্ষেত্রে যেন কোন অনিয়ম পরিলক্ষিত না হয় সে বিষয়ে সর্তক দৃষ্টি রাখাসহ গৃহীত কার্যক্রম সুষ্টুভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হলো।</td><td>উপজেলা পল্লী উন্নয়ন অফিসার</td></tr>
<tr><td>পল্লী সঞ্চয় ব্যাংক গোমস্তাপুর শাখা</td><td>পল্লী সঞ্চয় ব্যাংক গোমস্তাপুর শাখা ব্যবস্থাপক সভায় জানান যে, মোট ইউনিয়ন-০৮টি, মোট সমিতির সংখ্যা-২৪৬টি, মোট সদস্য সংখ্যা-১২,২৭৪ জন, মোট সঞ্চয় আদায় ৬৮৫.৫৮(ছয় কোটি পঁচাশি লক্ষ আঠান্ন হাজার) টাকা ঋণ বিতরণ-২৯০৪.৮১(উনত্রিশ কোটি চার লক্ষ একাশি হাজার) টাকা এবং ফেব্রুয়ারি/২৩ মাসে ঋণ আদায়-২১৯.৩৬(দুই কোটি উনিশ লক্ষ ছত্রিশ হাজার)টাকা, ঋণ বিতরণ ২২৫.৮৮(দুই কোটি পঁচিশ লক্ষ আটাশি হাজার) টাকা ও ঋণ গ্রহিতার সংখ্যা=৫৬৪ জন। খেলাপীর হার ৩৮%। মোট খেলাপিকৃত টাকা ৬৩০.৪০(ছয় কোটি ত্রিশ লক্ষ চল্লিশ হাজার)টাকা। খেলাপীর হার কমানোর জন্য ইউনিয়ন চেয়ারম্যান বৃন্দসহ সকলের সাহায্য সহযোগীতা কামনা করছি। এছাড়া অন্যান্য সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে।</td><td>তার দাপ্তরিক কাজকর্ম সুষ্ঠুভাবে চালানোর জন্য অনুরোধ করা হয়।</td><td>পল্লী সঞ্চয় ব্যাংক গোমস্তাপুর শাখা</td></tr>
<tr><td>ইসলামিক ফাউন্ডেশন, গোমস্তাপুর</td><td>ইসলামিক ফাউন্ডেশন, ফিল্ড সুপারভাইজার সভায় জানান যে, তার দাপ্তরিক কাজকর্ম স্বাভাবিকভাবে চলছে। তেমন কোন সমস্যা নেই।</td><td>তার দাপ্তরিক কাজকর্ম সুষ্ঠুভাবে চালানোর জন্য অনুরোধ করা হয়।</td><td>ইসলামিক ফাউন্ডেশন, গোমস্তাপুর</td></tr>
<tr><td>বিদ্যুৎ বিভাগ</td><td>ডি.জি.এম নাচোল সভায় অনুপুস্থিত থাকায় তার দাপ্তরিক কাজকর্ম</td><td>নিয়মিত সভায় উপস্থিত থাকার</td><td>ডি.জি.এম নাচোল,</td></tr>
</table>

| | | | |
|---|---|---|---|
| (পল্লী বিদ্যুৎ সমিতি) | সম্পর্কে আলোচনা করা সম্ভব হলো না। | জন্য অনুরোধ করা হলো। | জোনাল অফিস, চাঁপাইনবাবগঞ্জ পল্লী বিদ্যুৎ সিমিতি |
| বিদ্যুৎ বিভাগ (নেসকো) | নির্বাহী প্রকৌশলীর দপ্তরের উপ সহকারী প্রকৌশলী সভায় জানান যে, তার দাপ্তরিক কাজকর্ম স্বাভাবিকভাবে চলছে। তেমন কোন সমস্যা নেই। | নিয়মিত সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | নির্বাহী প্রকৌশলীর দপ্তর, নেসকো গোমস্তাপুর |
| উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) | গোমস্তাপুর উপজেলা পরিষদ কর্তৃক বাস্তবায়িত উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় (অর্থবছর ২০২০-২১) অবকাঠামো উন্নয়ন উপ-প্রকল্প (INF-2020-21-507037-02 ) নয়াদিয়াড়ী হাজী ইয়াকুব আলী মন্ডল উচ্চ বিদ্যালয়ের ওয়াশ ব্লক নির্মাণ কাজ ১০০% সমাপ্ত হয়েছে এবং বিল প্রদানের বিষয়ে উপজেলা প্রকৌশলী বিস্তারিত আলোচনা করেন। | গোমস্তাপুর উপজেলা পরিষদ কর্তৃক বাস্তবায়িত উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় (অর্থবছর ২০২০-২১) অবকাঠামো উন্নয়ন উপ-প্রকল্প (INF-2020-21-507037-02 ) নয়াদিয়াড়ী হাজী ইয়াকুব আলী মন্ডল উচ্চ বিদ্যালয়ের ওয়াশ ব্লক নির্মাণ কাজ ১০০% সমাপ্ত হয়েছে বিধায় ঠিকাদারী প্রতিষ্ঠানের অনুকূলে চুক্তিমূল্য ১৫,৩৯,০০০/-(পনের লক্ষ উনচল্লিশ হাজার) টাকা মর্মে চুড়ান্ত বিল পরিশোধের নিমিত্ত্বে বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা প্রকৌশলী এবং ইউডিএফ |
| তথ্য আপা প্রকল্প (২য় পর্যায়) তথ্য কেন্দ্র | তথ্য সেবা কর্মকর্তা সভায় জানান যে, এপ্রিল ২০২৩ মাসে দুইটি উঠান বৈঠক সম্পন্ন হয়েছে। তথ্যকেন্দ্রে ও ডোর টু ডোর সেবা কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | তার দাপ্তরিক কাজকর্ম সুষ্ঠুভাবে চালানোর জন্য অনুরোধ করা হয়। | তথ্য সেবা কর্মকর্তা, গোমস্তাপুর |

আলোচ্য সূচি -০২ ঃ ১৪৩০ বাংলা সনে হাট-বাজার ও ফেরীঘাটসমূহের ইজারা কার্যক্রম-

উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, গোমস্তাপুর উপজেলা পরিষদের আওতাধীন ৪টি ফেরীঘাটের মধ্যে ২টি ফেরীঘাট বাংলা ১৪৩০ সনে ইজারা প্রদান করা হয়েছে এবং ২টি ফেরীঘাটের ইজারা না হওয়ায় খাস আদায় কার্যক্রম গ্রহণ করা হয়েছে। তিনি আরও জানান যে, উপজেলা পরিষদের আওতাধীন ১৮টি হাট-বাজার রয়েছে এর মধ্যে ৬টিতে হাট বাজার বসে না। বাংলা ১৪৩০ সনে ১২টির মধ্যে ৮টি হাট-বাজার ইজারা প্রদান করা হয়েছে এবং ৪টি হাট-বাজার খাস আদায় কার্যক্রম গ্রহণ করা হয়েছে।

আলোচ্য সূচি -০৩ (বিবিধ)ঃ

উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, গোমস্তাপুর উপজেলা পরিষদের পানির পাম্প মেরামত করা জরুরী ভিত্তিতে প্রয়োজন এবং সভাকক্ষের আসবাবপত্র মেরামত করা প্রয়োজন। এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।

সিদ্ধান্ত ঃ সভায় বিস্তারিত আলোচনা শেষে ২০২২-২০২৩ অর্থবছরে উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের পানির পাম্প রক্ষণাবেক্ষণ/মেরামত খাত হতে -৭৪,৮৯০/-(চুহাত্তর হাজার আটশত নব্বই) টাকা এবং আসবাবপত্র মেরামত বাবদ-২৪,৮০০/-(চব্বিশ হাজার আটশত) টাকা ব্যয় করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

আলোচ্য সূচি -০৪ (বিবিধ) ঃ

উপজেলা মহিলা ভাইস-চেয়ারম্যান সভায় জানান যে, গোমস্তাপুর উপজেলা পরিষদ চত্বর পরিষ্কার পরিছন্ন রাখা প্রয়োজন এবং উপজেলা পরিষদ কার্যালয়ের ১টি স্কানার মেশিন ও কম্পিউটারের কিছু যন্ত্রপাতিসহ প্রিন্টারের টোনার প্রয়োজন।

এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।

সিদ্ধান্ত ঃ সভায় বিস্তারিত আলোচনা শেষে ২০২২-২০২৩ অর্থবছরে উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অফিস সরঞ্জামাদি রক্ষণাবেক্ষণ/মেরামত খাত হতে -২৫,০০০/-(পঁচিশ হাজার) টাকা এবং বর্জ ব্যবস্থাপনা/পরিষ্কার পরিছন্নতা খাত হতে ৫০,০০০/-(পঞ্চাশ হাজার) টাকা ব্যয় করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মোঃ হুমায়ূন রেজা)
চেয়ারম্যান
ও
সভাপতি
উপজেলা উন্নয়ন ও সমন্বয় কমিটি
গোমস্তাপুর, চাঁপাইনবাবগঞ্জ

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়**
**গোমস্তাপুর, চাঁপাইনবাবগঞ্জ**

স্মারক নং- ০৫.৪৩.৭০৩৭.১১.০০.০০২.২২-৪৫৮(ক) তারিখ: ৩১.০৫.২০২৩ খ্রিঃ

**সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরিত হলো:- (জেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

০১। মাননীয় সংসদ সদস্য-৪৪, চাঁপাইনবাবগঞ্জ-২

০২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

০৩। কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী

০৪। পরিচালক, স্থানীয় সরকার, রাজশাহী বিভাগ, রাজশাহী

০৫। জেলা প্রশাসক, চাঁপাইনবাবগঞ্জ

০৬। মেয়র, রহনপুর পৌরসভা, গোমস্তাপুর, চাঁপাইনবাবগঞ্জ

০৭। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, গোমস্তাপুর, চাঁপাইনবাবগঞ্জ

০৮। উপজেলা ........................................................................ অফিসার, গোমস্তাপুর, চাঁপাইনবাবগঞ্জ

০৯। চেয়ারম্যান, ........................................................... ইউ. পি. (সকল), গোমস্তাপুর, চাঁপাইনবাবগঞ্জ

৩১/০৫/২৩

( আসমা খাতুন )
উপজেলা নির্বাহী অফিসার
গোমস্তাপুর, চাঁপাইনবাবগঞ্জ